অপর মামলা নং ১২৯৩/২০২১

উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং- ৬৯

তারিখ- ১৮/ ০৬/ ২০২৩ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

বাদীপক্ষ আরজির ১(ক) নং তফসিলোক্ত সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভ্রমাত্নকভাবে রেকর্ড হয়েছে মর্মে ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-২৮ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা দায়ের করেন।

১-২৮ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি করা হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ০১/১১/২০২০ ইং তারিখের ৫২ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে অত্র মামলা এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

বাদীপক্ষ তাহার মামলা প্রমানার্থে ০১ জন সাক্ষী **মোঃ সৈয়দ P.W.-1** হিসাবে উপস্থাপন করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। শিকলবাহা মৌজার আর এস- ৪২৩৭ নং খতিয়ান প্রদর্শনী- ১

২। বি এস ২৩৫ ও ১২১ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী- ২

৩। ০৬/১০/১৯৪২ ইং তারিখের ৬২২৯ কবলার আসল প্রদর্শনী-৩।

৪। ২৮/০৪/১৯৪৪ ইং তারিখের ৩৪৭১ নং কবলার মূল কপি প্রদর্শনী-৪

**মোঃ সৈয়দ P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৪) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় বাদীপক্ষ তাদের উপস্থাপিত সাক্ষ্য প্রমাণের মাধ্যমে নালিশী ভুমিতে তাদের মালিকানা স্বত্ব ও দখল প্রমাণ করতে সমর্থ হয়েছে।

এখানে উল্লেখ করা আবশ্যক যে, বিবাদীপক্ষ অত্র মামলায় প্রতিদ্বন্ধিতা করার সুযোগ কাজে লাগাতে অবহেলায় করায় বাদীপক্ষ হতে উপস্থাপিত মৌখিক ও দালিলিক প্রমাণাদি অলঙ্ঘনীয় প্রকৃতির বলে আমি বিবেচনা করি। এরুপ পরিস্থিতিতে উক্ত অবিসংবাদিত ও অবিকৃত সাক্ষ্যসমূহ গ্রহন করা এবং উক্ত অলঙ্ঘনীয় দালিলিক সাক্ষ্য ও আরজি বর্নিত বক্তব্যের উপর নির্ভর করা ব্যাতিরেকে আদালতের সম্মুখে বিকল্প কোন পথ খোলা নেই। সার্বিক বিবেচনায় বাদীপক্ষ তাহার আরজি প্রার্থিত মতে প্রতিকার পাবার হকদার বলে আমি মনে করি। সুতরাং অত্র মামলা ডিক্রিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২৮ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী ১(ক) নং তফসিল বর্ণিত ভুমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভুমি সম্পর্কিত বি.এস ১২১ ও ২৩৫ নং খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে যা বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম